14

দৈনিক ইনকিলাব

তারিখ 18 NOV 1997
পৃষ্ঠা ৮ কলাম ২

### গভর্নিং বডির অভিভাবক প্রতিনিধি নির্বাচন হচ্ছে না

## আইডিয়াল স্কুল ও কলেজের প্রশাসনিক ও একাডেমিক কার্যক্রম দারুণভাবে বিঘ্নিত

স্টাফ রিপোর্টার ঃ আইডিয়াল স্কুল এন্ড কলেজ অভিভাবক-অভিভাবিকা ফোরামের আহবায়ক জনাব মোহাম্মদ সিরাজুল ইসলাম ও সদস্য সচিব জনাব ফরিদউদ্দিন আহমদ গতকাল এক বিবৃতিতে বলেছেন, দীর্ঘ ১ বছর যাবত স্কুল এন্ড কলেজের গভর্নিং বডির অভিভাবক প্রতিনিধি নির্বাচন না হওয়ার কারণে প্রশাসনিক ও একাডেমিক কার্যক্রম দারুণভাবে বিঘ্নিত হচ্ছে। এমতাবস্থায় অভিভাবকগণ তাদের বাচ্চাদের লেখাপড়ার ব্যাপারে দারুণ উদ্বিগ্নের মধ্যে দিন কাটাচ্ছেন। বিবৃতিতে তারা অবিলম্বে গভর্নিং বডির সভা অনুষ্ঠানের মাধ্যমে নতুন গভর্নিং বডির অনুষ্ঠানের ব্যবস্থা করে স্কুল ও কলেজের একাডেমিক এবং প্রশাসনিক শৃঙ্খলা ফিরিয়ে আনার জন্য গভর্নিং বডির চেয়ারম্যান জনাব সাবের হোসেন চৌধুরীর প্রতি আহবান জানিয়েছেন।

বিবৃতিতে বলা হয়, হাই কোর্ট কর্তৃক বারবার রায় দেয়া সত্ত্বেও এবং সুপ্রীম কোর্ট কর্তৃক চেয়ারম্যানের আপিল নাকচ হাওয়ার পরও অভিভাবক প্রতিনিধি নির্বাচনের কোন উদ্যোগ দেখা যাচ্ছে না। অথচ মহামান্য হাই কোর্টের রায় অনুসারে আগামী ৩০ নভেম্বর '৯৭ তারিখের মধ্যে অভিভাবক প্রতিনিধি নির্বাচন হওয়ার কথা। এখানে উল্লেখ্য, গত ২৫ ডিসেম্বর '৯৬ অভিভাবক প্রতিনিধি নির্বাচন হওয়ার তারিখ ছিল যাহা গভর্নিং বডির চেয়ারম্যান কর্তৃক ২৩ ডিসেম্বর '৯৬ বন্ধ করা হয় এবং অধ্যক্ষ ফয়জুর রহমানকে অবৈধ ঘোষণা করে এক পত্র জারি করা হয়। উক্ত অবৈধ ঘোষণা এবং নির্বাচন বন্ধকে চ্যালেঞ্জ করে জনাব অধ্যক্ষ ফয়জুর রহমান ও গভর্নিং বডির কতিপয় সদস্য মহামান্য হাই কোর্টে মামলা করলে মহামান্য হাই কোর্ট জনাব ফয়জুর রহমান ও নির্বাচনের পক্ষে রায় প্রদান করেন। উক্ত রায়ের বিরুদ্ধে গভর্নিং বডির চেয়ারম্যান আপিল করলে মহামান্য সুপ্রীম কোর্টের ফুলবেঞ্চ গত ৩ নভেম্বর উক্ত আপিল নাকচ করেন এবং হাই কোর্টের রায় বহাল রাখেন।

উল্লেখিত কারণে শিক্ষক নিয়োগের জন্য লিখিত পরীক্ষা নেয়ার পরও কোন শিক্ষক নিয়োগ করা হয়নি। অথচ ২০/২৫ জন শিক্ষকের অভাবে ছাত্র-ছাত্রীদের লেখাপড়া দারুণভাবে বিঘ্নিত হচ্ছে। এদিকে অধ্যক্ষ জনাব ফয়জুর রহমানের চাকুরীর মেয়াদ আগামী ৩১ ডিসেম্বর '৯৭ শেষ হয়ে যাবে। কাজেই এর আগেই গভর্নিং বডির সভা করে তার চাকুরীর মেয়াদ বাড়ানোর বিষয়ে ব্যবস্থা নেয়া দরকার। অন্যথায় প্রতিষ্ঠানটি পরিচালনায় শূন্যতার সৃষ্টি হবে এবং প্রতিষ্ঠানটি সমূহ হুমকির সম্মুখীন হবে। কাজেই এ ব্যাপারে অবিলম্বে গভর্নিং বডির সভা অনুষ্ঠানের ব্যবস্থা করে প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহণ এবং অধ্যয়নরত ছাত্র-ছাত্রীর লেখাপড়ার পরিবেশ নিশ্চিত করে অভিভাবকগণকে শংকামুক্ত করতে গভর্নিং বডির চেয়ারম্যান জনাব সাবের হোসেনের প্রতি আহবান জানিয়েছেন।

বিবৃতিতে বলা হয়, আগামী ১৯ নভেম্বর (বুধবার) বিকেল ৩টায় সোহাগ কমিউনিটি সেন্টার, মগবাজারে আইডিয়াল স্কুল এন্ড কলেজের অভিভাবক/ অভিভাবিকাদের এক জরুরী সভা আহবান করা হইয়াছে। মতিঝিল ও বনশ্রী উভয় শাখার সম্মানিত অভিভাবক/ অভিভাবিকাগণকে যথাসময়ে উক্ত সভায় উপস্থিত থাকার জন্য বিবৃতিতে অনুরোধ করা হয়েছে।